

## সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬৭০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭০৫]

১০/ আযান (کتاب الأذان)

পরিচ্ছেদঃ ৪৫৫. ইমাম সালাত দীর্ঘায়িত করলে তাঁর বিরুদ্ধে অভিযোগ করা। আবু উসাইদ (র.) তাঁর ছেলেকে বলেছিলেন, বেটা! তুমি আমাদের সালাত দীর্ঘায়িত করে ফেলেছ।

باب مَنْ شَكَا إِمَامَهُ إِذَا طَوَّلَ وَقَالَ أَبُو أُسَيْدٍ طَوَّلْتَ بِنَا يَا بُنَيَّ

## আরবী

حَدَّثَنَا آدَمُ بْنُ أَبِي إِيَاسٍ، قَالَ حَدَّثَنَا شُعْبَةُ، قَالَ حَدَّثَنَا مُحَارِبُ بْنُ دِثَارٍ، قَالَ سَمِعْتُ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ الأَنْصَارِيَّ، قَالَ أَقْبَلَ رَجُلٌ بِنَاضِحَيْنِ وَقَدْ جَنَحَ اللَّيْلُ، فَوَافَقَ مُعَاذًا يُصَلِّي، فَتَرَكَ نَاضِحَةُ وَأَقْبَلَ إِلَى مُعَاذِ، فَقَرَأَ بِسُورَةِ الْبَقَرَةِ أَوِ النِّسَاءِ، فَانْطَلَقَ الرَّجُلُ، وَبَلَغَهُ أَنَّ مُعَاذًا نَالَ مِنْهُ، فَأَتَى النَّبِيَّ صلى الله عليه وسلم فَشَكَا إِلَيْهِ مُعَاذًا، فَقَالَ النَّبِيُ صلى الله عليه وسلم " يَا مُعَاذُ أَفَتَانٌ أَنْتَ ـ أَوْ فَاتِنٌ تَلاَثَ مِرَارٍ ـ فَلَوْلاَ صَلَيْتَ بِسَبِّحِ صلى الله عليه وسلم " يَا مُعَاذُ أَفَتَانٌ أَنْتَ ـ أَوْ فَاتِنٌ تَلاَثَ مِرَارٍ ـ فَلَوْلاَ صَلَيْتَ بِسَبِّحِ السَّمَ رَبِّكَ، وَالشَّمْسِ وَضُدُحَاهَا، وَاللَّيْلِ إِذَا يَغْشَى، فَإِنَّهُ يُصلِي وَرَاءَكَ الْكَبِيرُ وَالضَعِيفُ وَدُو الْحَبِيثِ وَالْشَيْبُانِيُّ. قَالَ عَمْرُو وَعُبَيْدُ اللَّهِ بْنُ مِقْسَمٍ وَاللَّيْلِ إِذَا يَغْشَى وَأَبُو النَّبُيْرِ عَنْ جَابِرٍ قَرَأَ مُعَاذٌ فِي وَمِسْعَرٌ وَالشَّيْبَانِيُّ. قَالَ عَمْرُو وَعُبَيْدُ اللَّهِ بْنُ مِقْسَمٍ وَأَبُو الزُّبُيْرِ عَنْ جَابِرٍ قَرَأَ مُعَاذٌ فِي الْعِشَاءِ بِالْبَقَرَةِ. وَتَابَعَهُ الأَعْمَشُ عَنْ مُحَارِبِ.

## বাংলা

৬৭০। আদম ইবনু আবূ ইয়াস (রহঃ) ... জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, এক সাহাবী দু'টি পানি বহনকারী উট নিয়ে আসছিলেন। রাতের অন্ধকার তখন ঘনীভূত হয়ে এসেছে। এ সময় তিনি মু'আয (রাঃ)-কে সালাত (নামায/নামাজ) আদায়রত পান, তিনি তার উট দুটি বসিয়ে দিয়ে মু'আয (রাঃ) এর দিকে (সালাত আদায় করতে) এগিয়ে এলেন, মু'আয (রাঃ) সুরা বাকারা বা সুরা নিসা পড়তে শুরু করেন। এতে সাহাবী (জামা'আত ছেড়ে) চলে যান।

পরে তিনি জানতে পারেন যে, মু'আয (রাঃ) এর জন্য তার সমালোচনা করেছেন। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে মু'আয (রাঃ) এর বিরুদ্ধে অভিযোগ করেন। এতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, হে মু'আয! তুমি কি লোকদের ফিতনায় ফেলতে চাও? বা তিনি বলেছিলেন তুমি কি ফিতনা সৃষ্টিকারী?



তিনি একথা তিনবার বলেন।

তারপর তিনি বললেন, তুমি وَاللَّيْلِ إِذَا يَغْشَى এবং سَبِّحِ اسْمَ رَبِّكَ, وَالشَّمْسِ وَضُحًاهَا (সুরা) দ্বারা সালাত আদায় করলে না কেন? কারন তোমার পিছনে দুর্বল, বৃদ্ধ ও হাজতমন্দ লোক সালাত আদায় করে।

[শু'বা (রহঃ)] বলেন) আমার ধারণা শেষোক্ত বাক্যটি হাদিসের অংশ। সায়ীদ ইবনু মাসরুক, মিসওয়ার এবং শাইবানী (রহঃ)-ও অনুরূপ রেওয়ায়াত করেছেন। আমর, উবাইদুল্লাহ ইবনু মিকসাম, আবূ যুবাইর (রহঃ) জাবির (রাঃ) থেকে বর্ণনা করেন যে, মু'আয (রাঃ) ইশার সালাতে সুরা বাকারা পাঠ করেছিলেন। আ'মাশ (রহঃ)-ও মুহারিব (রহঃ) সূত্রে অনুরূপ রিওয়ায়েত করেন।

## **English**

Narrated Jabir bin `Abdullah Al-Ansari:

Once a man was driving two Nadihas (camels used for agricultural purposes) and night had fallen. He found Mu`adh praying so he made his camel kneel and joined Mu`adh in the prayer. The latter recited Surat 'Al-Baqara" or Surat "An-Nisa", (so) the man left the prayer and went away. When he came to know that Mu`adh had criticized him, he went to the Prophet, and complained against Mu`adh. The Prophet said thrice, "O Mu`adh! Are you putting the people to trial?" It would have been better if you had recited "Sabbih Isma Rabbika-I-A`la (87)", Wash-shamsi wa duhaha (91)", or "Wallaili idha yaghsha (92)", for the old, the weak and the needy pray behind you." Jabir said that Mu`adh recited Sura Al-Bagara in the `Isha' prayer

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন